# AKASHVANI(AIR)
# RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**Date 27-06 2026** **Time: 1.30 PM**

বিশেষ বিশেষ খবরঃ-

১। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সেশেলসের জাতীয় দিবসের সুবর্ণ জয়ন্তী বর্ষ উদযাপন উপলক্ষ্যে তিন দিনের সফর শুরু করেছেন। সেশেলসকে সামুদ্রিক ক্ষেত্রে ভারতের গুরুত্বপূর্ণ প্রতিবেশী বলে উল্লেখ করেছেন তিনি।

২। ভারতের উল্লেখযোগ্য অর্থনৈতিক অগ্রগতি এবং আন্তর্জাতিক ক্ষেত্রে আরও বড় ভূমিকা পালন করার প্রসঙ্গে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বের প্রশংসা করেছেন মার্কিন বিদেশ মন্ত্রী মার্কো রুবিও।

৩। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, আগামীকাল আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা-ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩৫-তম পর্ব।

৪। মার্কিন ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্স ইরানকে সতর্ক করে বলেছেন, ভবিষ্যতে কোনো হামলা হলে তার যথাযথ জবাব দেওয়া হবে।
#ইরানের সামরিক পরিকাঠামোয় হামলা চালানোর কয়েক ঘণ্টার মধ্যেই এই হুমকি দিয়েছে মার্কিন যুক্তরাষ্ট্র ।

৫। বিশ্বকাপ ফুটবলে, আজ পানামা, ইংল্যান্ডের ও ক্রোয়েশিয়া, ঘানার মুখোমুখি হবে। দুটি ম্যাচ শুরু হবে ভারতীয় সময় রাত আড়াইটেয়।

oooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র সেশেলসকে সামুদ্রিক ক্ষেত্রে ভারতের গুরুত্বপূর্ণ প্রতিবেশী বলে উল্লেখ করেছেন। তিনি বলেন, দক্ষিণী বিশ্বে সামুদ্রিক নিরাপত্তা বাড়ানোর লক্ষ্যে ভারতের 'ভিশন মহাসাগর' এর প্রধান অংশীদারও সেশেলস। শ্রী মোদী আজ সেশেলসের জাতীয় দিবসের সুবর্ণ

জয়ন্তী বর্ষ উদযাপন উপলক্ষ্যে তিন দিনের সফর শুরু করেছেন। রওনা দেওয়ার আগে এক বিবৃতিতে তিনি আরও বলেন, দুই দেশের মধ্যে কূটনীতিক সম্পর্কের ৫০ বছর পূর্ণ হয়েছে। প্রধানমন্ত্রী সফরে সেদেশের রাষ্ট্রপতি ডঃ প্যাট্রিক হারমিনির সঙ্গে বৈঠক করবেন। সেখানে উভয় পক্ষ পারস্পরিক বন্ধুত্বের সম্পর্ক মজবুত করা ও ভারত মহাসাগর অঞ্চলে মানুষের সামগ্রিক উন্নতি নিয়ে আলোচনার করবেন। ভারতের প্রধানমন্ত্রী হিসেবে নরেন্দ্র মোদী প্রথম সেশেলসের জাতীয় পরিষদে ভাষণ দেবেন। আন্তর্জাতিক ক্ষেত্রে দু দেশের মধ্যে অংশীদারিত্বের সম্পর্ক জোরদারের লক্ষ্যে এই সেশেলেস সফরকে ঐতিহাসিক সুযোগ বলে বর্ণনা করেছেন তিনি। এই সফরে সেশেলসে বসবাসকারী ভারতীদের সঙ্গেও কথা বলবেন প্রধানমন্ত্রী।

oooooooooooooooooooooo

বাণিজ্য ও শিল্পমন্ত্রী পীযূষ গোয়েল এশিয়া হাউস ও লন্ডনের প্রথম সারির ব্যবসায়িক আধিকারিকদের সঙ্গে একটি গোল টেবিল বৈঠক করেছেন। ভারত ও ব্রিটেনের মধ্যে বাণিজ্য অর্থনৈতিক চুক্তি ও আগামিদিনের সুযোগ সুবিধা নিয়ে মত বিনিময় করেন তাঁরা।

শ্রী গোয়েল বলেছেন, ভারত-ব্রিটেন সুসংহত অর্থনৈতিক ও বাণিজ্য চুক্তি- 'সেটা'-র মাধ্যমে দু'দেশের মধ্যে সম্পর্ক এক উল্লেখযোগ্য মাইলফলকের দিকে এগিয়ে চলেছে। 'সেটা' চুক্তি, বিকাশের নতুন অভিমুখ উন্মোচন করায়, শ্রী গোয়েল দ্বিপাক্ষিক কার্যকারিতা বাড়ানোর জন্য দুদেশের ব্যবসায়িক মহলকে আহ্বান জানিয়েছেন।

oooooooooooooooooooooo

মার্কিন বিদেশ মন্ত্রী মার্কো রুবিও ভারতের উল্লেখযোগ্য অর্থনৈতিক অগ্রগতি এবং আন্তর্জাতিক পরিসরে আরও বড় ভূমিকা পালন করার প্রসঙ্গে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বের প্রশংসা করেছেন। হোয়াইট হাউসে সংবাদ মাধ্যমকে দেওয়া এক সাক্ষাৎকারে রুবিও বলেন, ট্রাম্প প্রশাসন ভারতকে মার্কিন যুক্তরাষ্ট্রের অন্যতম ঘনিষ্ঠ কৌশলগত অংশীদার হিসেবে দেখে। তার মতে, প্রধানমন্ত্রী মোদি এমন এক দেশকে নেতৃত্ব দিচ্ছেন, যা তাৎপর্যপূর্ণ অর্থনৈতিক সাফল্য অর্জন করছে এবং ক্রমশ প্রভাবশালী আন্তর্জাতিক শক্তিতে পরিণত হচ্ছে। রুবিও আরও বলেন,

প্রধানমন্ত্রী মোদি ও প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সম্পর্ক অত্যন্ত ঘনিষ্ঠ, যা কূটনীতির জন্য গুরুত্বপূর্ণ। তিনি জানান, দুই দেশেরই গণতান্ত্রিক মূল্যবোধ ও স্বার্থ অভিন্ন, যা আরও ঘনিষ্ঠ সহযোগিতার জন্য দৃঢ় ভিত্তি তৈরি করেছে। বাণিজ্য, সরবরাহ ব্যবস্থা, গুরুত্বপূর্ণ খনিজ, জ্বালানি, নিরাপত্তা এবং নৌপথের স্বাধীনতা—এই ক্ষেত্রগুলিতে ভারত ও মার্কিন যুক্তরাষ্ট্র পারস্পরিক সহযোগিতা বাড়াচ্ছে বলে তিনি জানান।

(বাইট – রুবিও)

মার্কিন বিদেশ মন্ত্রী ভারত- মার্কিন সম্পর্ক এর নৈকট্যের ক্ষেত্রে ভারতীয়-আমেরিকান সম্প্রদায়ের অবদানের কথাও উল্লেখ করেন ।

oooooooooooooooooooooo

পরমাণু শক্তি মন্ত্রকের সচিব অজিত কুমার মোহান্তি কালাপক্কমের ইন্দিরা গান্ধী সেন্টার ফর অ্যাটমিক রিসার্চ এ 'ফাস্ট ব্রিডার টেস্ট রিঅ্যাক্টর' থেকে নির্গত পরমাণু তাপশক্তি ব্যবহার করে 'কপার-ক্লোরিন থার্মোকেমিক্যাল সাইকেল'-ভিত্তিক বিশ্বের প্রথম হাইড্রোজেন উৎপাদন কেন্দ্রের উদ্বোধন করেছেন। অনুষ্ঠানে ড. মোহান্তি বলেন, নির্ভরযোগ্য ও কার্বন-মুক্ত বিদ্যুৎ সরবরাহ জন্য বিপুল পরিমাণে হাইড্রোজেন উৎপাদনের ক্ষেত্রে পারমানবিক শক্তি বিশেষ কার্যকরি। ভারতের এই উদ্যোগের ফলে দেশে জ্বালানি নিরাপত্তা বৃদ্ধি পাবে, কমবে কার্বন নিঃসরণ। একইসঙ্গে সুস্থায়ী দীর্ঘমেয়াদী উন্নয়নে তা' সহায়ক হবে। তিনি আরও বলেন, এই সাফল্য উন্নত পারমাণবিক প্রযুক্তি এবং পরিচ্ছন্ন শক্তি ব্যবস্থার ক্ষেত্রে ভারতের ক্রমবর্ধমান সক্ষমতারই প্রমাণ।

oooooooooooooooooooooo

কলকাতার তারাতলায় নির্মীয়মান গোডাউন ভেঙে পড়ার ঘটনায় আজও যুদ্ধকালীন তৎপরতায় চলেছে উদ্ধার কাজ। গ্রাউন্ড পেনিট্রেটিং Rader এনে দু-তিনটি অংশ চিহ্নিত করে সেখানে কেউ আটকে আছেন কিনা, তা খুঁজে দেখা হচ্ছে। মানুষের অস্তিত্ব নেই বলে নিশ্চিত হওয়ার পরই জোরকদমে ধ্বংসস্তুপ সরানো বা অ্যাগ্রেসিভ কাটিং-এর

কাজ শুরু হবে। তবে, এখনও কয়েকজনের খোঁজ মেলেনি বলে জানা যাচ্ছে। সেনা বাহিনীর পূর্বাঞ্চলীয় কমান্ড, উন্নত যন্ত্রপাতি এবং অ্যাম্বুলেন্স সহ ৭-টি বিশেষ দল ঘটনাস্থলে রয়েছে। তৈরি করা হয়েছে ১০ শয্যার একটি জরুরী চিকিৎসা কেন্দ্রও। ভারতীয় সেনাবাহিনী এবং এনডিআরএফ (NDRF)-এর ব্যাটালিয়নের সঙ্গে নিখুঁত সমন্বয় রেখে, পূর্ব রেলের ৭০ সদস্যের একটি দল উদ্ধার কাজ চালিয়ে যাচ্ছে। রেলের তরফে ১০টি অক্সি-কাটার, ৬টি অ্যাগ্রেসিভ কাটার এবং ৩টি প্লাজমা কাটিং ইউনিট কাজে লাগানো হয়েছে। এদিকে এই ঘটনায় মৃতের সংখ্যা বেড়ে হয়েছে ১৭।

oooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, আগামীকাল আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা-ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের **১৩৫-তম** পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল **১১** টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে। আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে।

হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে, এর আঞ্চলিক ভাষার তর্জমা।

oooooooooooooooooooooo

মার্কিন ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্স ইরানকে সতর্ক করে দিয়ে বলেছেন, ভবিষ্যতে কোনো হামলা হলে তার যথাযথ জবাব দেওয়া হবে। ইরানের লক্ষ্যবস্তুতে সামরিক হামলা চালানোর কয়েক ঘণ্টার মধ্যেই এই হুমকি দিয়েছে মার্কিন যুক্তরাষ্ট্র । সামাজিক মাদ্ধ্যম এক্স এর এক বার্তায় ভ্যান্স বলেন, ইরান একটি যুদ্ধবিরতি চুক্তি স্বাক্ষর করেছে এবং মার্কিন যুক্তরাষ্ট্র তা মেনে চলেছে। তিনি আরও বলেন, চুক্তি নিয়ে কোনো বিরোধ থাকলে তা আলোচনার মাধ্যমে সমাধান করা উচিত, তবে ভবিষ্যতেও হিংসার জবাব সামরিক পদক্ষেপ দিয়ে নেওয়া হবে । মার্কিন সেন্ট্রাল কমান্ড, সেন্টকম জানিয়েছে, আমেরিকান বাহিনী ইরানের ক্ষেপণাস্ত্র ও ড্রোনের গুদামঘরের পাশাপাশি

উপকূলীয় রাডার পরিকাঠামো লক্ষ্য করে হামলা চালিয়েছে। সেন্টকম জানিয়েছে যুদ্ধবিরতি চুক্তি লঙ্ঘন করে একটি বাণিজ্যিক কার্গো জাহাজ লক্ষ্য করে ইরানি ড্রোন হামলার প্রতিক্রিয়ায় এই হামলা। পাশাপাশি , সেন্টকম আরও জানিয়েছে, চুক্তি কার্যকরভাবে বাস্তবায়িত করতে মার্কিন সেনা বাহিনী ওই অঞ্চলেই অবস্থান করবে।

প্রসঙ্গত, ওমান উপসাগরের কাছে কার্গো জাহাজের আক্রান্ত হওয়ার ফলে বিশ্বের অন্যতম ব্যস্ত জ্বালানি ও নৌপথের নিরাপত্তা নিয়ে নতুনকরে উদ্বেগ দেখা দিয়েছে।

oooooooooooooooooooooo

ভেনেজুয়েলায় ভয়াবহ জোড়া ভুমিকম্পে মৃতের সংখ্যা বেড়ে হয়েছে ৯২০। প্রায় তিন হাজার তিনশো মানুষ আহত। রাজধানীর কাছে ধ্বংস স্তুপের মধ্যে কেউ জীবিত আটকে আছেন কিনা তার খোঁজে উদ্ধারকারীরা তল্লাশি চালাচ্ছে। কারাকাশ এবং তার নিকতবর্তী লা গুয়াইরা উপকুলবর্তী শহরে এখনও ভেঙ্গে পড়া বাড়িগুলির ধ্বংসস্তুপের নিচ থেকে মানুষের আর্তনাদ শোনা যাচ্ছে। প্রথমে ৭ দশমিক ২ মাত্রার কম্পনের পরে ৭ দশমিক ৫ মাত্রার দ্বিতীয় কম্পন হয়। দুটি কম্পনের উৎসস্থলই মাটির খুব কাছে হওয়ায় এই জোড়া ভুমিকম্পে অসঙ্খ বাড়ি ভেঙ্গে পড়ে। সেদেশের অন্তর্বর্তী রাষ্ট্রপতি ডেলসি রড্রিগেজ এরপরই দেশে জুরুরি অবিস্থা ঘোষণা করেন।

বহুদেশ উদ্ধার কাজে শামিল হয়েছে। রাষ্ট্রপতি ডেলসি রড্রিগেজ এই ভুমিকম্পের পর ভারতের সহায়তার জন্য জানিয়ে বলেছেন দুঃসময়য়ে ভারত ও ভেনেজুয়েলার মানুষ পরস্পরের সহযোগিতায় হাত বাড়িয়ে দিয়েছে।

oooooooooooooooooooooo

বিশ্বজুড়ে আজ ‘আন্তর্জাতিক অতি ক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ বা MSME দিবস’ পালিত হচ্ছে। অর্থনৈতিক বিকাশ, উদ্ভাবন এবং কর্মসংস্থান সৃষ্টিতে MSMEগুলির অবদানকে স্বীকৃতি

জানাতে প্রতি বছর ২৭ জুন এই দিনটি পালন করা হয়। বিশ্বজুড়ে অন্তর্ভুক্তিমূলক ও সুস্থায়ী উন্নয়নে এম এস এম ই-গুলির ভূমিকা তুলে ধরা হয় এই দিনটিতে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জগৎ প্রকাশ নাড্ডা এই মাসের ২৯ তারিখে নয়াদিল্লিতে স্বাস্থ্য ক্ষেত্রের উন্নয়নের লক্ষ্যে একাধিক ডিজিটাল উদ্যোগের উদ্বোধন করবেন। জাতীয় স্বাস্থ্য কর্তৃপক্ষ ও ইএইচআর স্ট্যান্ডার্ডসের জাতীয় রিসোর্স সেন্টারের তত্ত্বাবধানে তৈরি এই উদ্যোগগুলির লক্ষ্য হলো সহজলভ্য স্বাস্থ্যসেবা , আন্তঃসংযোগ জোরদার করা এবং দেশের স্বাস্থ্য খাতে ডিজিটাল পাবলিক ইনফ্রাস্ট্রাকচার দ্রুত তৈরি  করা। উদ্বোধনের তালিকায় রয়েছে আরোগ্য সেতু ২.০, আয়ুষ্মান সারথি চ্যাটবট, আয়ুষ্মান অ্যাপ, ই-সুশ্রুত ক্লিনিক, ন্যাশনাল হেলথ ক্লেইমস এক্সচেঞ্জ এবং নতুন স্বাস্থ্য মানদণ্ড। স্বাস্থ্য মন্ত্রক জানিয়েছে, এই পদক্ষেপগুলো দেশের ডিজিটাল স্বাস্থ্য পরিকাঠামোকে আরও শক্তিশালী করবে এবং সুলভ , সহজলভ্য ও অন্তর্ভুক্তিমূলক স্বাস্থ্যপরিষেবা সকলের কাছে পৌঁছে দেবার জন্য সরকারের লক্ষ্যকে সাহায্য করবে ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কৃষিজ ও প্রক্রিয়াজাত খাদ্য পণ্য রপ্তানি উন্নয়ন কর্তৃপক্ষ এর উদ্যোগে মধ্যপ্রদেশের বিখ্যাত 'রেওয়া সুন্দরজা' আমের প্রথম বাণিজ্যিক রপ্তানি হয়েছে সংযুক্ত আরব আমিরশাহিতে। বাণিজ্য ও শিল্প মন্ত্রণালয় জানিয়েছে যে, জিআই (GI) ট্যাগযুক্ত এক মেট্রিক টন উন্নত মানের আম রপ্তানি করা হয়েছে। এর ফলে আন্তর্জাতিক বাজারে রেওয়া আমের সুখ্যাতি বৃদ্ধি পাবে এবং চাষিরা উপকৃত হবে বলে মনে করা হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিশ্বকাপ ফুটবলে, আজ, গ্রুপ এল-এর দুটি ম্যাচ, শুরু হবে ভারতীয় সময় রাত আড়াইটেয়। নিউ জার্সি স্টেডিয়ামে, পানামা, ইংল্যান্ডের ও ক্রোয়েশিয়া, ঘানার মুখোমুখি হবে।

গ্রুপ জি থেকে বেলজিয়াম ও মিশর, গ্রুপ এইচ থেকে স্পেন ও কাবো ভার্দে এবং গ্রুপ আই থেকে ফ্রান্স ও নরওয়ে রাউন্ড অফ থার্টি টু-তে পৌঁছেছে। এছাড়া, তৃতীয় স্থানাধিকারী হিসেবে গ্রুপ ডি থেকে প্যারাগুয়ে ও গ্রুপ আই থেকে সেনেগাল রাউন্ড অফ থার্টি টু-তে খেলার যোগ্যতা অর্জন করেছে। এই নিয়ে ২৩ টি দল নকআউট পর্বে পৌঁছলো।

*ooooooooooooooooooooo*

*ooooooooooooooooooooo*